যুগান্তর

তারিখ ... 22 APR 2008
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বিশ্ববিদ্যালয় অনুবিভাগ

নং-শাঃ১৮/বিবিধ-১০/২০০৩-৩০২

তারিখ : ২০ এপ্রিল ২০০

# পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্য নিয়োগ

নিম্নলিখিত পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্য পদে নিয়োগের জন্য মনোনয়ন বা আগ্রহ প্রকাশের পত্র আহ্বান করা হচ্ছে–

| বিশ্ববিদ্যালয়ের নাম | |
|---|---|
| জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর | ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর |
| খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা | রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী |
| শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা | যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর |
| হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর | |

উপাচার্য বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী হবেন। বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম কার্যকরভাবে পরিচালনার ক্ষেত্রে সার্বিক নজরদারির দায়িত্ব উপাচার্যের উপর ন্যস্ত। এসব পা
নিয়োগের জন্য নিম্নরূপ যোগ্যতাসমূহ থাকা বাঞ্ছনীয়–

- পদমর্যাদার সঙ্গে সঙ্গতিপূর্ণ বিশিষ্ট গুণাবলী সম্পন্ন পরীক্ষিত ব্যক্তিত্ব;
- উপযুক্ত নেতৃত্ব দানের ক্ষমতা এবং দায়িত্ব পালনের অঙ্গীকার;
- শিক্ষক সম্প্রদায় ও প্রশাসনিক কর্মকর্তা-কর্মচারী নির্বিশেষে সকলের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখার চমৎকার পারদর্শিতা;
- সত্যিকার বিদ্যানুরাগ;
- প্রাতিষ্ঠানিক উন্নয়নের জন্য কৌশলগত দূরদৃষ্টি।

মনোনয়ন প্রদানের মাধ্যমে উপযুক্ত প্রার্থী চিহ্নিত করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে। (সকল চিঠি-পত্রের ক্ষেত্রে গোপনীয়তা রক্ষা করা হবে)।

পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষ নিয়োগের লক্ষ্যে গঠিত সার্চ কমিটি এসব নিয়োগের জন্য সুপারিশ করবে।

উল্লিখিত পদসমূহের জন্য নির্দিষ্ট বিশ্ববিদ্যালয়ের নাম উল্লেখপূর্বক মনোনয়নপত্র বা আগ্রহ প্রকাশের পত্র পূর্ণাঙ্গ জীবন-বৃত্তান্তসহ নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিজ্ঞপ্তি প্রকাশের তিন সপ্তাহের ম
পৌঁছানোর অনুরোধ করা হলো।

সদস্য-সচিব
পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষ নিয়োগের লক্ষ্যে গঠিত সার্চ কমিটি ও যুগ্ম-সচিব (বিশ্ববিদ্যালয়).